গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং-৪৫.০০.০০০০.১৫৫.২৩.০০১.২০-৬৫১ | তারিখঃ-০৬-০৮-২০২০খ্রিঃ

বিষয়ঃ ১৫ আগষ্ট, ২০২০ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে দেশের সকল সরকারি হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য বিধি মেনে কর্মসূচি গ্রহন প্রসংঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিবছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্বীর্যের সাথে জাতীয় শোক দিবস পালনের সিদ্ধান্ত রয়েছে। ১৫ আগষ্ট, ২০২০ জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত স্বাস্থ্য সেবা বিভাগের জনস্বাস্থ্য-১ অধিশাখার ৩০/০৭/২০২০ তারিখে স্বাপকম/জনস্বাস্থ্য-১/রোগ-২/এনএমটিএফ/২০১০/২০৬ সংখ্যক স্মারকের নির্দেশনা/গাইডলাইন অনুসরণপূর্বক বিগত বছরের ন্যায় দেশের সকল সরকারি হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকসমূহে কর্মসূচি পালন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

06/08/2020

ড. বিলকিস বেগম
উপসচিব
ফোন- ৯৫৫৬৯৮৯

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
(দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন)।

অনুলিপিঃ

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তাঁকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা।
৫। যুগ্ম সচিব (সঃ ও বেঃ স্বাঃ ব্যঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-স্বাপকম/জনস্বাস্থ্য-১/রোগ-২/এনএমটিএফ/২০১০/২০৬ তারিখ : ৩০.০৭.২০২০ খ্রি.

বিষয় :"১৫ আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবস" স্বাস্থ্যবিধি মেনে পালনের নিমিত্ত প্রস্তুতকৃত নির্দেশিকা /গাইডলাইন প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে "১৫ আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবস" পালনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নিরাপদ রাখতে স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক একটি নির্দেশিকা/গাইডলাইন তৈরী করা হয়েছে। উক্ত নির্দেশিকা/গাইডলাইনটি সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্বসংগে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০১ (এক) পাতা।

৩০. ০৭. ২০২০

(ডাঃ মোঃ শিব্বির আহমেদ ওসমানী)
উপসচিব
ফোনঃ-৯৫১১০৭২
hsdph1@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, (সকল)............................
৪। সচিব, (সকল).................................
৫। প্রধান তথ্য কর্মকর্তা, পি.আই.ডি (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যপক প্রচারের জন্য)।
৬। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। বিভাগীয় কমিশনার (সকল)...................
৮। জেলা প্রশাসক (সকল), ...
৯। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
১০। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৫ই আগষ্ট উদযাপন উপলক্ষ্যে পালনীয় স্বাস্থ্যবিধি

শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান

- অনুষ্ঠান স্থলের প্রবেশ ও বাহির পথ পৃথক ও নির্দিষ্ট করতে হবে।
- শ্রদ্ধাজ্ঞাপন স্থানে একাসাথে ১৫-২০ জনের বেশি মানুষ প্রবেশ করতে পারবেন না। আগত ব্যক্তিবর্গ নির্দিষ্ট দূরত্ব (৩ফুট/কমপক্ষে ২ হাত) বজায় রেখে লাইন করে সারিবদ্ধভাবে প্রবেশ করবেন এবং শ্রদ্ধাজ্ঞাপন শেষে বের হয়ে যাবেন। সম্ভব হলে পুরো পথ পরিক্রমাটি গোল চিহ্ন দিয়ে নির্দিষ্ট করা যেতে পারে।
- সমাবেশে আগত সকলের মাস্ক পরা বাধ্যতামূলক। প্রবেশ পথে হ্যান্ডস্যানিটাইজার সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করতে হবে।
- সর্দি, কাশি,জ্বর বা শ্বাসকষ্ট নিয়ে কেউ অনুষ্ঠান স্থলে প্রবেশ করবেন না।
- হাঁচি বা কাশির সময় টিস্যু, রুমাল বা কনুই দিয়ে নাক ও মুখ ঢাকতে হবে। ব্যবহৃত টিস্যু ও বর্জ্য ফেলার জন্য পর্যাপ্ত ঢাকনাযুক্ত বিনের ব্যবস্থা থাকতে হবে এবং জরুরীভাবে তা অপসারনের ব্যবস্থা করতে হবে।
- স্থানীয় প্রশাসন, স্বাস্থ্য বিভাগ ও আইনশৃঙ্খলা রক্ষা বাহিনীর সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।

আলোচনা সভা/মিলাদ মাহফিল

- জনসমাগম যথা সম্ভব কম রাখতে হবে। অনুষ্ঠান স্থল বা কক্ষের আয়তনের উপর লোকসংখ্যার উপস্থিতি নির্ধারণ করতে হবে।
- অনুষ্ঠানে আগত সকলের মাস্ক পরিধান বাধ্যতামূলক, মাস্ক ব্যতীত কাউকে অনুষ্ঠান প্রাঙ্গনে প্রবেশ করতে দেয়া যাবে না।
- প্রবেশ পথে সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা যেতে পারে। সম্ভব না হলে হ্যান্ড স্যানিটাইজারের সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করতে হবে।
- অনুষ্ঠানস্থলে একজন থেকে আরেকজন নির্দিষ্ট দূরত্ব (৩ফুট/কমপক্ষে ২ হাত) বজায় রেখে বসার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে বসার স্থানটি নির্দিষ্ট করে দিতে হবে।
- হাঁচি বা কাশির সময় টিস্যু অথবা কনুই দিয়ে মুখ এবং নাক ঢাকতে হবে এবং ব্যবহৃত টিস্যু ও বর্জ্য নির্দিষ্ট জায়গায় ফেলতে হবে। জরুরি বর্জ্য অপসারনের ব্যবস্থা স্থাপন করতে হবে।
- স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং স্বাস্থ্য বিভাগের সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।